

দেশের সব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য জরুরি নির্দেশনা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২১:১৫, ২৮ অক্টোবর ২০২৫



বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) দেশের সব বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান কে ই-রেজিস্ট্রেশন সম্পন্ন এবং প্রোফাইল হালনাগাদ করার নির্দেশ দিয়েছে। সংস্থাটি জানিয়েছে, আগামী ৫ নভেম্বরের মধ্যে এই প্রক্রিয়া শেষ করতে হবে।

রবিবার (২৭ অক্টোবর) এনটিআরসিএর পরিচালক তাসনিম জেবিন স্বাক্ষরিত এক অফিস আদেশে এ নির্দেশনা জারি করা হয়।

আদেশে বলা হয়েছে, যেসব শিক্ষা প্রতিষ্ঠান এখনো ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করেনি, তাদের নতুনভাবে নিবন্ধন করতে হবে। আর যেসব প্রতিষ্ঠান ইতোমধ্যে নিবন্ধিত, তাদের অবশ্যই প্রোফাইল হালনাগাদ

করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে ই-রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট না করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ভবিষ্যতে অনলাইনে এনটিআরসিএর কাছে নিয়োগযোগ্য শিক্ষক চাহিদা (ই-রিকুইজিশন) পাঠাতে পারবে না।

এছাড়া নির্দেশনায় বলা হয়েছে, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের নিজেদের প্রোফাইলও হালনাগাদ করতে হবে। প্রতিটি জেলা শিক্ষা অফিসারকে তাদের আওতাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের ই-রেজিস্ট্রেশন বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এনটিআরসিএ জানায়, ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হলে সংস্থার ওয়েবসাইটে থাকা ‘ই-রেজিস্ট্রেশন সেবা’ শিরোনামের বক্সে নির্দেশিকা অনুসরণ করতে হবে।
